

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটি'র ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।
সভার সময়	বেলা ১২:৩০ মিনিট।
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৫)।
উপস্থিতি	“ক”

১.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাটি সঞ্চালনা করেন। ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম অনুযায়ী প্রতিটি শাখার সংশ্লিষ্ট কার্যক্রম ও অগ্রগতি বিষয়ে সকলের অংশগ্রহণমূলক আলোচনার ভিত্তিতে সভাপতি তাঁর মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.০ সিদ্ধান্ত:

২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অন্তর্ভুক্ত কার্যক্রম সংশ্লিষ্ট সকল শাখা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে;

২.২ কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত প্রতি কোয়ার্টারে প্রশিক্ষণ/কর্মশালা সম্পন্ন করতে হবে; এবং

২.৩ সকল শাখা'র ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ০৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা প্রদান।

৩.০ আলোচ্যসূচিভুক্ত বিষয়ের আলোচনা সম্পন্ন হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.৫৩


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৫) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক